🔳 উপদেশ

বিভাগ/অধ্যায়ঃ ১০. ছালাতে সারিবদ্ধ হয়ে দাঁড়ানো রচয়িতা/সঙ্কলকঃ আন্দুর রায্যাক বিন ইউসুফ

ছালাতে সারিবদ্ধ হয়ে দাঁড়ানো - ২

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه و سلم مَنْ سَدَّ فُرْجَةً فِيْ صَفَّ رَفَعَهُ اللهُ بِهَا دَرَجَةً وَبَنَى لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ.

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি যেকোন কাতারে যেকোন ফাঁকা বন্ধ করবে আল্লাহ তার বিনিময়ে তার মর্যাদা উঁচু করে দিবেন এবং তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করবেন (মু'জামুল আওসাত্ব হা/৫৭৯৭)।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه و سلم لاَ يَصِلُ عَبْدٌ صَفًّا إِلاَّ رَفَعَهُ اللهُ بِهِ دَرَجَةً، وَ ذَرَّتْ عَلَيْهِ الْمُلاَئِكَةُ مِنَ الْبرّ.

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, কোন বান্দা যখন কাতারের সাথে মিলে দাঁড়ায়, তখন আল্লাহ তার মর্যাদাকে উঁচু করে দেন এবং ফেরেশতাগণ তার উপর কল্যাণ ছড়িয়ে দেন (তাবরানী, সিলসিলা ছহীহাহ ১৮৯২ হাদীছের অধীনে)।

عَنْ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ يَقُولُ أَقْبَلَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى النَّاسِ بِوَجْهِهِ فَقَالَ أَقِيمُوا صَفُوفَكُمْ ثَلَاتًا وَاللهِ لَتُقِيمُنَّ صَفُوفَكُمْ أَوْ لَيُخَالِفَنَّ اللهُ بَيْنَ قُلُوبِكُمْ قَالَ فَرَأَيْتُ الرَّجُلَ يَلْزَقُ مَنْكِبَهُ بِمَنْكِبِ صَاحِبِهِ وَرُكْبَتَهُ بِرُكْبَةِ صَاحِبِهِ وَرُكْبَتَهُ بِرُكْبَةِ صَاحِبِهِ وَكَعْبَهُ بِمَعْبِهِ.

নু'মান ইবনু বাশীর (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) মানুষ বা মুছল্লীদের দিকে মুখ করে আসলেন এবং বললেন, তোমরা তোমাদের কাতার সোজা কর। কথাটি তিনি তিনবার বললেন। তারপর বললেন, আল্লাহর কসম! অবশ্যই তোমরা তোমাদের কাতার সোজা কর, নইলে আল্লাহ তোমাদের অমত্মরে বিভেদ সৃষ্টি করে দিবেন। তিনি বলেন, আমি মুছল্লীকে দেখেছি তারা কাঁধের সাথে কাঁধ এবং হাটুর সাথে হাটু এবং টাকনুর সাথে টাকনু মিলিয়ে দাঁড়াতেন (আবুদাউদ হা/৬৬২)।

عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ أَقِيمُوا صُفُوفَكُمْ فَإِنِّى أَرَاكُمْ مِنْ وَرَاءِ ظَهْرِى. وَكَانَ أَحَدُنَا يُلْزِقُ مَنْكِبَهُ بِمَنْكِب صَاحِبِهِ وَقَدَمَهُ بِقَدَمِهِ .

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, তোমরা তোমাদের কাতার সোজা কর। নিশ্চয়ই আমি তোমাদেরকে আমার পিছন দিক হতে দেখি। তিনি আরো বলেন, আমাদের কোন ব্যক্তি তার সঙ্গীর সাথে কাঁধে কাঁধ লাগিয়ে এবং পায়ে পা লাগিয়ে দাঁড়াতেন (বুখারী হা/৭২৫)।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন